বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং- বাঃ স্কাঃ (স্পেঃ ইভেঃ)/১৮২২(২৪০)/২০২৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২
০৮ ডিসেম্বর ২০২৫

# পরিপত্র

বিষয়: **২০২৫ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান সম্পর্কীয়।**

১। বাংলাদেশ স্কাউটস এর স্পেশাল ইভেন্টস বিভাগ মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান এর লক্ষ্যে ২০২৫ সালের এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের নামের তালিকা গুগল ফরমের মাধ্যমে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করেছে। নিম্নবর্ণিত লিংক ব্যবহার করে ৩১ ডিসেম্বর ২০২৫ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটরা তাদের তথ্য প্রদান করতে পারবে।

২। তথ্য প্রদানের লিংক: https://forms.gle/m9XxknkDZwFFrRA38

৩। তথ্য সাবমিট করার সময় এসএসসি/এইচএসসির ফলাফলের মার্কসিট স্কাউট ইউনিফরম পরিহিত পাসপোর্ট সাইজের ছবি ও উপজেলা/জেলা স্কাউটস সম্পাদক (রোভার, রেলওয়ে, নৌ, এয়ার ও মেট্রো জেলা স্কাউটস এর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা স্কাউটস এর সম্পাদক) এর প্রত্যয়নপত্র আপলোড করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট স্কাউট/রোভার স্কাউট এর সাথে যোগাযোগের জন্য তার পিতা/মাতা/বৈধ অভিভাবক এর মধ্যে যে কোন একজনের মোবাইল নম্বর, প্রাইজমানি পাওয়ার জন্য নির্দিষ্ট একটি **বিকাশ নম্বর** যোগাযোগের জন্য একটি সক্রিয় ই-মেইল এড্রেস উল্লেখ করতে হবে।

৪। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকারী মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের তথ্য জাতীয় সদর দফতর কর্তৃক পর্যালোচনা করে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত তথ্য গ্রহণযোগ্য হবে না।

২০২৫সালে এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী স্কাউট ও রোভার স্কাউটদের স্বীকৃতি প্রদান কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

সংযুক্তি: প্রত্যয়নপত্রের নমুনা কপি ।

(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :
(১) আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
(২) আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
(৩) আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
(৪) সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার;
(৫) উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।
(৬) সহকারী পরিচালক (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস;

সদয় জ্ঞাতার্থে :
(১) প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
(২) উপ-প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
(৩) কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস;
(৪) কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল।

লিংক :